

রেজিস্ট্রেশনের যাচাই- তালিকা (চেকলিস্ট)



আপনার সন্তানকে স্কুলে রেজিস্ট্রেশনের সময় নিম্নলিখিত কাগজপত্রগুলো সাথে নিয়ে যাবেন:

- আপনার সন্তানের বয়সের প্রমাণ (জন্ম সনদ বা বার্থ সার্টিফিকেট, পাসপোর্ট, অথবা ব্যাপ্টিজমের রেকর্ড)
- আপনার সন্তানের টিকাদানের (ইমিউনাইজেশন) রেকর্ডসমূহ (যদি থাকে)
- আপনার সন্তানের সর্বশেষ রিপোর্ট কার্ড/ট্র্যান্সক্রিপ্ট (যদি থাকে)
- নিম্নোক্ত ঠিকানার প্রমাণগুলো থেকে দুটি (2)।
নথিপত্রে আপনার নাম এবং ঠিকানা থাকতে হবে।
 - বাড়ি ভাড়ার চুক্তি (লিজ এগ্রিমেন্ট), দলিল, অথবা মর্টগেজ স্টেটমেন্ট
 - একটি ইউটিলিটি কোম্পানি (যেমন বিগত 60 দিনের মধ্যের তারিখযুক্ত ন্যাশনাল গ্রিড অথবা কন এডিসন) কর্তৃক ইস্যুকৃত আবাসিক ইউটিলিটি বিল (গ্যাস অথবা ইলেক্ট্রিক)
 - বাড়িতে বসবাসকারীর নামে পাঠানো ক্যাবল টেলিভিশন সার্ভিসের বিল (বিগত 60 দিনের মধ্যের তারিখযুক্ত)
 - একটি গভর্নমেন্ট বা সরকারি এজেন্সির কাছ থেকে (বিগত 60 দিনের মধ্যের তারিখযুক্ত) নথিপত্র বা চিঠি (অফিসিয়াল লেটারহেডে), এতে অন্তর্ভুক্ত ইন্টারনাল রেভিনিউ সার্ভিস (IRS), NYC হাউজিং অথরিটি, অফিস অভ রেফ্যুজি রিসেটেলমেন্ট, হিউম্যান রিসোর্সেস অ্যাডমিনিস্ট্রেশন, অ্যাডমিনিস্ট্রেশন ফর চিলড্রেন সার্ভিসেস (ACS), অথবা একজন ACS সাবকন্স্ট্রাক্টর
 - বর্তমান প্রপার্টি ট্যাক্স-এর বিল
 - পানির বিল (বিগত 90 দিনের মধ্যের তারিখযুক্ত)
 - বাড়ি ভাড়ার রসিদ (বিগত 60 দিনের মধ্যের তারিখযুক্ত)
 - সরকার কর্তৃক ইস্যুকৃত পরিচয়পত্র (আইডেন্টিফিকেশন), এতে অন্তর্ভুক্ত একটি IDNYC কার্ড (মেয়াদোত্তীর্ণ নয়)
 - গত বছরের ইনকাম ট্যাক্স ফর্ম
 - নিউ ইয়র্ক স্টেটের ড্রাইভারস্ লাইসেন্স অথবা লার্নারস্ পারমিট (মেয়াদোত্তীর্ণ নয়)
 - একজন চাকুরিদাতার কাছ থেকে পে স্টাব অথবা অফিসিয়াল পেরোল সংক্রান্ত কাগজপত্র, যেমন একটি ট্যাক্স কাটার (উইথহোল্ডিং) নথি অথবা পেরোল রিসিট। চাকুরিদাতার লেটারহেডে লেখা একটি চিঠি পর্যাপ্ত নয় (বিগত 60 দিনের মধ্যের তারিখযুক্ত)।
 - ভোটার রেজিস্ট্রেশন সংক্রান্ত নথিপত্র
 - আবাসনের ভিত্তিতে সদস্যপদের (মেম্বারশিপ) নথি, যেমন, নেইবারহুড রেসিডেন্টস্ অ্যাসোসিয়েশন (মেয়াদোত্তীর্ণ নয়)
 - সন্তানের জন্মের প্রামাণ্য নথি, যাতে অন্তর্ভুক্ত আছে, কিন্তু এতেই সীমাবদ্ধ নয়, বিচার বিভাগীয় জন্মাদারিহের আদেশ অথবা অভিভাবকহের কাগজপত্র (বিগত 60 দিনের মধ্যে ইস্যুকৃত; অবশ্যই শিক্ষার্থীর নাম থাকতে হবে)

অস্থায়ী আবাসন বা টেম্পোরারি হাউজিংয়ে বসবাসকারী শিক্ষার্থীদের জন্য দ্রষ্টব্য

ম্যাকিনি-ভেন্টো অ্যাক্টের সংজ্ঞা অনুযায়ী, অস্থায়ী আবাসন বা টেম্পোরারি হাউজিংয়ের শিক্ষার্থীদেরকে নথিভুক্ত বা এনরোল হবার জন্য কোনও নথিপত্র (এতে অন্তর্ভুক্ত ঠিকানা, জন্ম তারিখের প্রমাণ এবং টিকা বা ইমিউনাইজেশন) জমা দেয়া বাধ্যতামূলক নয়। স্কুলগুলোকে অবশ্যই অস্থায়ী আবাসনের শিক্ষার্থীদের সাময়িকভাবে প্রি-রেজিস্টার করতে হবে এবং তারপর প্রামাণ্য নথি সংগ্রহের জন্য শিক্ষার্থীর NYC পাবলিক স্কুলস্-এর যোগাযোগের ব্যক্তির সাথে কাজ করতে হবে।